দৈনিক বাংলা

তারিখ ... 07 OCT 199? ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

39

# শিক্ষা ক্ষেত্রে গুণগত পরিবর্তন আনতে জাতীয় ঐক্য চাই : কাজী জাফর

প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ বলেন, জাতীয় ঐক্যের ভিত্তিতে শিক্ষা ব্যবস্থায় গুণগত পরিবর্তন আনতে হবে। তিনি বলেন, জাতীয় অগ্রযাত্রার জন্য যেসব মৌলিক প্রশ্নে আমাদের মতৈক্যে পৌছুতে হবে, শিক্ষা তার মধ্যে প্রধান।

প্রধানমন্ত্রী শনিবার শিল্পকলা একাডেমী মিলনায়তনে আগামী ১লা

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## কাজী জাফর

(প্রথম পৃঃ পর)

জানুয়ারী থেকে শুরু বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কার্যক্রমের সাফল্যের লক্ষ্যে দেশের সকল সরকারী ও বেসরকারী কলেজ ও কামেল মাদ্রাসার অধ্যক্ষদের সম্মেলনে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর আয়োজিত এই সম্মেলনে প্রেসিডেন্টের প্রাথমিক শিক্ষা বিষয়ক উপদেষ্টা আলহাজ্ব মনসুর আলী সরকার, শিক্ষা সচিব আ ন ম ইউসুফ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক আবদুর রশিদ চৌধুরী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক আবুল হোসেন এবং বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের মহাসচিব অধ্যক্ষ এ কে এম শহীদুল্লাহ বক্তৃতা করেন।

প্রধানমন্ত্রী বলেন, শিক্ষার উৎকর্ষ এখন ইমারত-নির্ভর হয়ে পড়েছে। ইমারতের খোলস থেকে শিক্ষাকে মুক্তি দিয়ে একটি আধুনিক বিজ্ঞান সম্মত ও যুগোপযোগী শিক্ষা ব্যবস্থা প্রবর্তনের জন্য প্রেসিডেন্ট এরশাদ বদ্ধপরিকর। শুধু শিক্ষার পথেই আসতে পারে আমাদের উন্নতি। এটি অনুধাবন করেই তিনি ১৯৯০ সালের ১লা জানুয়ারী আন্তর্জাতিক শিক্ষা বর্ষের প্রথম দিনে প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক ও পৌর এলাকার বাইরে নারী শিক্ষাকে অষ্টম শ্রেণী পর্যন্ত অবৈতনিক করার ঐতিহাসিক ঘোষণা প্রদান করেন। ১৯৯১ সালের ১লা জানুয়ারী থেকে বাস্তবায়নের জন্য জাতীয় সংসদ পরে এ সম্পর্কিত আইন পাশ করে।

শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত প্রধানমন্ত্রী বলেন, প্রত্যেককে নিজ নিজ অবস্থান থেকে এই ঐতিহাসিক কার্যক্রম বাস্তবায়নে অবদান রাখতে হবে। তিনি বলেন, সর্বাত্মক প্রচেষ্টায় প্রগতির পথে সবচে বড় বাধা অশিক্ষাকে দূর করতে হবে।

প্রেসিডেন্টের শিক্ষা বিষয়ক উপদেষ্টা আলহাজ্ব মনসুর আলী সরকার বলেন, স্বাধীনতাকে অর্থবহ করে তুলতে হলে অবশ্যই নিরক্ষরতার মূলোৎপাটন করতে হবে। তিনি বলেন, শিশুদের স্কুলে পাঠালেই শুধু চলবে না, সেখানে তাদের ধরে রাখতে হবে। খবর তথ্য বিবরণীর।